

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২।
www.ddm.gov.bd

নং-৫১.০১.০০০০.০৩২.১০.০০৫.১৭-৩০

তারিখঃ ০২-২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের কর্মকর্তাগণের দাপ্তরিক কাজে ব্যবহারের নিমিত্ত গ্রামীণ ফোন লিঃ কর্তৃক সরবরাহকৃত কর্পোরেট সীম ব্যবহার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে কর্মরত উপজেলা, জেলা, প্রধান কার্যালয় এবং প্রকল্পে প্রেষণে নিয়োজিত সকল কর্মকর্তাগণের অফিসিয়াল কাজে ব্যবহার এবং যোগাযোগের জন্য ইতোমধ্যে গ্রামীণফোন লিঃ কর্তৃক সরবরাহকৃত কর্পোরেট সীম বিতরণ করা হয়েছে। কিন্তু লক্ষ্য করা যাচ্ছে যে, এখনও অনেক কর্মকর্তা সরবরাহকৃত সীমটি ব্যবহার করছেন না। উল্লেখ্য সরবরাহকৃত সীমের নম্বরটি এখন থেকে সরকারি কাজে সার্বক্ষণিক যোগাযোগের ক্ষেত্রে আবশ্যিক ভাবে ব্যবহৃত হবে। কোন কর্মকর্তার বদলীজনিত কারণে কর্মস্থল পরিবর্তন হলে অবশ্যই সীমটি তার রিলিভার/দায়িত্ব গ্রহণকারীর নিকট হস্তান্তর করবেন।

এছাড়াও বরাদ্দকৃত সীমটি কোন কারণে নষ্ট বা হারিয়ে গেলে নিকটস্থ থানায় সাধারণ ডায়েরী (জিডি) দায়েরপূর্বক পরিচালক (প্রশাসন), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(জাহিদুল ইসলাম)

(উপ-সচিব)

উপ-পরিচালক

ফোনঃ ৯৮৫৯৬২৯।

বিতরণ কার্যার্থেঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ২। প্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৩। উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৪। উপ-প্রকল্প পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৫। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)।
- ৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (সকল)।
- ৭। সহকারী পরিচালক (জিআই এস/প্রশাসন/যানবাহন/আইন/ভারপ্রাপ্ত কর্মকর্তা / এমআইএম/ মূল্যায়ন/ কমিউনিকেশন মিডিয়া স্পেশালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
- ৮। প্রোগ্রামার, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে আপ-লোড-এর অনুরোধসহ)
- ৯। পিএটু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)